গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২৫- ৯৭৫৭

তারিখঃ ০৫ অগ্রহায়ন ১৪৩২
২০ নভেম্বর ২০২৫

**বিষয়ঃ কারা বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ভালো কাজের উৎসাহ প্রদানের জন্য পুরস্কার/সম্মাননা প্রদান সংক্রান্ত।**

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারা বিভাগে কর্মরত ইউনিফর্ম ও নন-ইউনিফর্ম কর্মকর্তা/কর্মচারীদের ভালো কাজ/কল্যাণমূলক কাজের দৃষ্টান্ত স্থাপনের ও কর্মোদ্দীপনা বৃদ্ধির লক্ষ্যে পুরস্কার/সম্মাননা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত পুরস্কার/সম্মাননা বাবদ ব্যয় কোড নং- '৩২১১১০১-পুরস্কার' খাত হতে মিটানোর জন্য বলা হলো। উল্লেখ্য যে, সংযুক্ত নম্বর বন্টন প্রক্রিয়া অনুসরণ করে দপ্তর/কারাগারের সংখ্যা অনুযায়ী উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীদের নির্বাচন ও পুরস্কার প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

পুরস্কার প্রদানের জন্য মনোনয়নের ক্ষেত্রে অবশ্যই স্বচ্ছতা এবং নিরপেক্ষতা বজায় রাখতে হবে। নিজ বা ব্যক্তিগত কর্মচারী/অর্ডারলীদেরকে পুরস্কারে মনোনীত করতে নিরুৎসাহিত করা হলো।

সংযুক্তঃ ১। দপ্তর/কারাগার অনুযায়ী পুরস্কারের সংখ্যা এবং পরিমান---০১(এক) পাতা।
২। কর্মকর্তা/কর্মচারীদের মূল্যায়ন ছক------------------------০১(এক) পাতা।

২০/১১/২৫
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণঃ**

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর **(মেইলযোগে)**।
২. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা/কারাগার **(মেইলযোগে)**।
৪. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা,অপারেশন/সদর দপ্তর সংস্থাপন/হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৬. প্রশাসনিক কর্মকর্তা (সকল) /বাজেট অফিসার/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (প্রশাসন, উন্নয়ন, প্রশিক্ষণ ও আইন)/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯. ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল) ও কারা উপ মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
১০. গার্ড ফাইল।

CamScanner

# মূল্যায়ন ছক

## কর্মকর্তাদের মূল্যায়ন ছক 'ক'

| ক্রমিক | পুরস্কার/সম্মাননা প্রদানের বিষয় | নম্বর বন্টন |
|---|---|---|
| ১. | স্টাফ/বন্দি পরিচালনায় দক্ষতা | ১০ |
| ২. | স্টাফ/বন্দিদের সাথে মানবিক আচরণ | ১০ |
| ৩. | কর্তব্য সম্পাদনে নিজ দায়িত্বের প্রতি আন্তরিকতা ও সততা | ১০ |
| ৪. | দাপ্তরিক কাজে সৃজনশীলতা ও জবাবদিহীতা | ১০ |
| ৫. | শৃঙ্খলা ও আচরণবিধি অনুসরণ করা | ১০ |
| ৬. | স্টাফ ও বন্দিদের মোটিভেশনমূলক কার্যক্রমে অংশগ্রহণ | ১০ |
| ৭. | আইসিটি বিষয়ে দক্ষতা | ১০ |
| ৮. | যথাসময়ে অফিসে উপস্থিত থাকা | ১০ |
| ৯. | সাংস্কৃতিক কার্যক্রম ও খেলাধুলায় বিশেষ পারদর্শীতা | ১০ |
| ১০. | যেকোন বিশেষ কাজের জন্য (বিশেষ কাজ উল্লেখ পূর্বক) | ১০ |
| | মোট= | ১০০ |

## গার্ডিং স্টাফদের জন্য নম্বর প্রদান ও মূল্যায়ন ছক 'খ'

| ক্রমিক | পুরস্কার/সম্মাননা প্রদানের বিষয় | নম্বর বন্টন |
|---|---|---|
| ১. | বন্দি পলায়ন রোধে বিশেষ ভূমিকা পালন | ২০ |
| ২. | বিভিন্ন প্রকার মাদক দ্রব্য উদ্ধার | ১০ |
| ৩. | বন্দিদের দ্বারা সংঘটিত বিভিন্ন প্রকার বিশৃঙ্খলা দমন | ১০ |
| ৪. | কারাভ্যন্তরে নিয়মিত তল্লাশি অভিযানে অংশগ্রহণ | ১০ |
| ৫. | যথাসময়ে নিয়মিত রোলকলে/ডিউটিতে উপস্থিত থাকা | ১০ |
| ৬. | ইউনিফর্ম পরিধানে পরিপাটি ও স্মার্টনেস | ১০ |
| ৭. | বন্দিদের মোটিভেশনমূলক কার্যক্রমে অংশগ্রহণ | ৫ |
| ৮. | কারাভ্যন্তরে উৎপাদন বৃদ্ধিতে ভূমিকা পালন | ১০ |
| ৯. | বন্দি ও তাদের আত্মীয় স্বজনদের সাথে মানবিক ও ভদ্র আচরণ | ১০ |
| ১০. | সাংস্কৃতিক কার্যক্রম ও খেলাধুলায় বিশেষ পারদর্শীতা | ৫ |
| | মোট= | ১০০ |

## দাপ্তরিক কাজে নিয়জিত স্টাফদের জন্য নম্বর প্রদান ও মূল্যায়ন ছক 'গ'

| ক্রমিক | পুরস্কার/সম্মাননা প্রদানের বিষয় | নম্বর বন্টন |
|---|---|---|
| ১. | কর্তব্য সম্পাদনে নিজ দায়িত্বের প্রতি আন্তরিকতা ও সততা | ২০ |
| ২. | দাপ্তরিক গোপনীয়তা বজায় রাখা | ১০ |
| ৩. | শৃঙ্খলা ও আচরণবিধি অনুসরণ করা | ১০ |
| ৪. | কর্মক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা | ১০ |
| ৫. | যথাসময়ে অফিসে উপস্থিত থাকা | ১০ |
| ৬. | পোশাক পরিচ্ছদ পরিধানে পরিপাটি ও স্মার্টনেস | ১০ |
| ৭. | সেবা প্রদানে আগ্রহ ও আইসিটি বিষয়ে দক্ষতা | ৫ |
| ৮. | দাপ্তরিক কাজে সৃজনশীলতা ও জবাবদিহীতা | ১০ |
| ৯. | সেবাগ্রহিতাদের সাথে মানবিক ও ভদ্র আচরণ | ১০ |
| ১০. | সাংস্কৃতিক কার্যক্রম ও খেলাধুলায় বিশেষ পারদর্শীতা | ৫ |
| | মোট= | ১০০ |



CamScanner

## দপ্তর/কারাগার অনুযায়ী পুরস্কারের সংখ্যা ও পরিমাণ

| ক্রমিক | দপ্তরের নাম | পুরস্কার প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | পুরস্কার প্রদানের জন্য বিবেচিত ব্যক্তি ও পুরস্কারের সংখ্যা | বরাদ্দকৃত অর্থ/ সুভ্যেনির পরিমান |
|---|---|---|---|---|
| ১. | কারা সদর দপ্তর | কারা মহাপরিদর্শকের পক্ষে অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন) | • কারা অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী<br>• অধীনস্থ ডিআইজিগণ<br>• বিশেষ ক্ষেত্রে কারা মহাপরিদর্শক কর্তৃক মনোনীত যে কোন কর্মকর্তা/কর্মচারী<br>• কারা অধিদপ্তরের কার্মকর্তা/কর্মচারীদের পরিবারবর্গ<br>**পুরস্কারের সংখ্যাঃ**<br>প্রতি তিন মাস অন্তর ১০টি করে বছরে ৪ বার, সর্বোচ্চ ৪০ টি। | দপ্তর/কারাগারের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংকুলান স্বাপেক্ষে ৩টি ক্যাটাগরিতে<br>**প্রথম পুরস্কার-৩০০০/- টাকা**<br>**দ্বিতীয় পুরস্কার-২০০০/- টাকা**<br>**তৃতীয় পুরস্কার-১০০০/- টাকা**<br>অথবা সমপরিমান সুভ্যেনির যা নির্ধারিত মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। |
| ২. | বিভাগীয় দপ্তর | কারা উপ-মহাপরিদর্শক | • বিভাগীয় দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী।<br>• অধীনস্থ সিনিয়র জেল সুপার/জেল সুপার/জেলার/ডেপুটি জেলার।<br>• বিভাগীয় দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের পরিবারবর্গ<br>• বিশেষ ক্ষেত্রে নিজ বিভাগের মধ্যে মনোনীত যে কোন কর্মকর্তা/কর্মচারী।<br>**পুরস্কারের সংখ্যাঃ**<br>প্রতি বিভাগীয় দপ্তরে ৩-৫ টি | দপ্তর/কারাগারের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংকুলান স্বাপেক্ষে ৩টি ক্যাটাগরিতে<br>**প্রথম পুরস্কার-৩০০০/- টাকা**<br>**দ্বিতীয় পুরস্কার-২০০০/- টাকা**<br>**তৃতীয় পুরস্কার-১০০০/- টাকা**<br>অথবা সমপরিমান সুভ্যেনির যা নির্ধারিত মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। |
| ৩. | কেন্দ্রীয় কারাগার | সিনিয়র জেল সুপার | • অধীনস্থ কেন্দ্রীয় কারাগারের সকল কর্মকর্তা/কর্মচারী<br>• বিশেষ প্রয়োজনে অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের পরিবারবর্গ<br>**পুরস্কারের সংখ্যাঃ** ৫-৭ টি | দপ্তর/কারাগারের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংকুলান স্বাপেক্ষে ৩টি ক্যাটাগরিতে<br>**প্রথম পুরস্কার-৩০০০/- টাকা**<br>**দ্বিতীয় পুরস্কার-২০০০/- টাকা**<br>**তৃতীয় পুরস্কার-১০০০/- টাকা**<br>অথবা সমপরিমান সুভ্যেনির যা নির্ধারিত মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। |
| ৪. | জেলা কারাগার | জেল সুপার | • অধীনস্থ জেলা কারাগারের সকল কর্মকর্তা/কর্মচারী<br>• বিশেষ প্রয়োজনে অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের পরিবারবর্গ<br>**পুরস্কারের সংখ্যাঃ** ৩-৫ টি | দপ্তর/কারাগারের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংকুলান স্বাপেক্ষে ৩টি ক্যাটাগরিতে<br>**প্রথম পুরস্কার-৩০০০/- টাকা**<br>**দ্বিতীয় পুরস্কার-২০০০/- টাকা**<br>**তৃতীয় পুরস্কার-১০০০/- টাকা**<br>অথবা সমপরিমান সুভ্যেনির যা নির্ধারিত মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। |



CamScanner